মানুষ এখন ঘরে বসেই পাবে ভূমি সেবা- জেলা প্রশাসক নজরুল ইসলাম

জীবননগরে সহকারী কমিশনার ভূমি অফিসের উর্দ্ধমুখী সম্প্রসারণ ও মেরামত কাজের উদ্বোধন করা হয়েছে। গতকাল মঙ্গলবার বেলা সাড়ে ১১টার সময় জীবননগর উপজেলা চত্বরে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে জীবননগরে সহকারী কমিশনার ভূমি অফিসের উর্দ্ধমুখী সম্প্রসারণ ও মেরামত কাজের উদ্বোধন করেন চুয়াডাঙ্গার জেলা প্রশাসক মোঃ নজরুল ইসলাম সরকার।এ সময় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার আরিফুল ইসলাম,জীবননগর পৌর মেয়র রফিকুল ইসলাম,জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি)সাইফুল ইসলাম,পৌর কাউন্সিলার জামাল হোসেন খোকন,পৌর যুবলীগের সভাপতি শাহ আলম শরিফুল ইসলাম ছোট বাবু।এ সময় প্রধান অতিথি বলেন,যত দিন যাচ্ছে বাংলাদেশ তত উন্নত হচ্ছে।ডিজিটাল হচ্ছে দেশের সমস্থ সেবা কেন্দ্রগুলো।মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশে যে ভাবে উন্নয়নমুলক কাজকর্ম করছে তা অকল্পনীয়।বাংলাদেশের প্রতিটি উপজেলার ভূমি অফিস অনলাইজেশনের আওতায় আনা হচ্ছে যেখানে সাধারন মানুষ হাতের মুঠোই সেবা পাবে।ঘরে বসে নিজের জমির হিসাব দেখতে পাবে ।এক জনের জমি অপর জন নিতে পারবে না ।এবং ভুয়া কাগজপত্র করলে মুহুত্বের মধ্যে ধরা পড়ে যাবে।ভূমি অফিসে এসে আর কাউকে জটিলতায় পড়তে হবে না এবং কাউকে ঘুষ দিয়ে কোন কাজ করতে হবে না নিজের কাজ নিজেই করতে পারবে ।ইতোমধ্যেই অনলাইনের কাজ শুরু হয়েছে আশা করি খুব শিঘ্রই এ কাজ শেষ হবে ।এর আগে মাননীয় জেলা প্রশাসক মহাদয় জীবননগর থানা পরিদর্শন করেন।

আলমডাঙ্গার দুর্লভপুরে ভেজাল

ধানের বীজ নিয়ে বিপাকে কৃষক

আলমডাঙ্গার দুর্লভপুরে ভেজাল ধানের বীজ নিয়ে বিপাকে পড়েছেন কৃষকেরা। বাংলাদেশ কৃষি উন্নয়ন করপোরেশন থেকে কেনা চলতি আউশ মৌসুমের ব্রি-এসএল এইট এইচ জাতের সুপার হাইব্রিড ধানের বীজ চাষ করে ক্ষতিগ্রস্থ হয়েছেন বলে দাবি তাদের।

ধানের ক্ষতিপূরণ ও বীজ ব্যবসায়ীদের বিরুদ্ধে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে লিখিত অভিযোগ করেন কৃষকেরা।

কৃষকদের অভিযোগ, আলমডাঙ্গা উপজেলার কুমারি ইউনিয়নের দুর্লভপুর গ্রামের ১০ জন কৃষক এ বছর আউশ মৌসুমের জন্য দ্রুত ফলনশীল ব্রি-এসএল এইট এইচ জাতের সুপার হাইব্রিড ধানের বীজ চাষ করে। তারা ধানের বীজ সানমুন সীড ষ্টোর ও সুমন বীজ ভান্ডার থেকে ক্রয় করেন। সানমুন সীড ষ্টোর আলমডাঙ্গা পৌর শহরের বীজ পট্রিতে অবস্থিত।

সানমুন সীড বাংলাদেশ কৃষি মন্ত্রণালয় কতৃক অনুমোদন প্রাপ্ত ও বি.এ.ডি.সির বীজ ও সারের একমাত্র ডিলার। কিন্তু সুমন বীজ ভান্ডার খুচরা বিক্রয়কৃত দোকান।

গত কয়েক মাস পূর্বে উপজেলার কুমারি ইউনিয়নের দুর্লভপুর গ্রামের রাজু হোসেনের ছেলে ফিরোজ, আব্দুল হান্নানের ছেলে আরিফুল, মুকুলের ছেলে উজ্জল, নাজিমুদ্দিনের ছেলে আওয়াল, মিনাজ, জয়নাল মন্ডলের ছেলে সেন্টু, সারোয়ার, মৃত কেরামত আলীর ছেলে মকে ওরফে মুকুল, আফসারের ছেলে সফল। এ গ্রামের মোট ১০ জন কৃষক ১৫ বিঘা জমিতে ব্রি-এসএল এইট এইচ জাতের সুপার হাইব্রিড ধান চাষ করেছে।

আলমডাঙ্গায় পিকআপের ধাক্কায় স্কুল ছাত্র আহত

আলমডাঙ্গায় জগন্নাথপুর মাঠের নিকট পকআপের ধাক্কায় স্কুল ছাত্র

গুরুত্বর আহত হয়েছে। সোমবার সকাল ৯ টার দিকে এ ঘটনাটি ঘটে। আহত স্কুল ছাত্রকে উদ্ধার হারদি স্বাস্থ্য কমপ্লেক্সে পাঠায় স্থানীয়রা।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার কালিদাসপুর ইউনিয়নের জগন্নাথপুর গ্রামের আকরাম আলীর ছেলে হৃদয়। প্রতিদিনের ন্যায় গতকাল সোমবার সকালে প্রাইভেট পড়ে বাইসাইকেল যোগে বাড়ি ফিরছিলো।

সামনে থেকে আসা দ্রুত গতির পিকআপ গাড়ি তাকে ধাক্কা দিলে ছিটকে পড়ে হৃদয়। এসময় স্থানীয়রা দ্রুত ছুটে এসে হৃদয়কে উদ্ধার করে আলমডাঙ্গা উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে পাঠায়। এসময় গাড়ির ড্রাইভার গোপনে পালিয়ে যায়। এ ঘটনায় আলমডাঙ্গা থানা পুলিশ পিকআপ গাড়ি উদ্ধার করে থানা হেফাজতে রাখে।

চুয়াডাঙ্গা পুলিশ সুপারের তত্ত্বাবধানে স্বাভাবিক জীবনে ফেরার শপথ মাদক ব্যবসায়ী তরিকুলের

চুয়াডাঙ্গা পুলিশ সুপার জাহিদুল ইসলাম পেশাগত দায়িত্বের পাশাপাশি সমাজের সকল প্রকার অন্যায় ও অবিচারের বিরুদ্ধে হয়েছেন কঠোর তারই ধারাবাহিকতায় চুয়াডাঙ্গায় আর এক মাদক ব্যবসায়ী মোঃ তরিকুল ইসলাম
(৩৫) কে শপথ করিয়া স্বাভাবিক জীবনে ফেরার অঙ্গীকারবদ্ধ করলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার। সকল প্রকার মানবিক কাজে সহযোগিতা করার জন্য এরই মধ্যে তিনি মানবিক পুলিশ সুপার নামে খেতাব অর্জন করেছেন ।

সোমবার বেলা সাড়ে বারোটার সময় চুয়াডাঙ্গা পুলিশ সুপারের কার্যালয়ে হাজির হয়ে জীবনে আর কখনো মাদক ব্যবসা না করার অঙ্গীকার ব্যক্ত করে তার সাথে থাকা স্ত্রী ও দুই পুত্র সন্তানের উপস্থিতিতে শপথ করেন মাদক ব্যবসায়ী তরিকুল ইসলাম । এ সময় পুলিশ

সুপার জাহিদুল ইসলাম বলেন, ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ, ড. বেনজীর আহমেদ, বিপিএম (বার) বাংলাদেশকে মাদকমুক্ত করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেছেন।

যার প্রেক্ষিতে দেশ ব্যাপী বাংলাদেশ পুলিশ মাদক নির্মূলে নানামুখী তৎপরতা শুরু করেছে। চুয়াডাঙ্গা জেলা পুলিশের ধারাবাহিক মাদক বিরোধী অভিযানে মাদক ব্যবসায়ী ও মাদকসেবীরা কোণঠাসা হয়ে পড়েছে।

চুয়াডাঙ্গা সদর থানাধীন শংকরচন্দ্র ইউনিয়নের, গড়াবাড়িয়া গ্রামের মোঃ জামাল উদ্দিন এর পুত্র মোঃ তরিকুল ইসলাম (৩৫) পুলিশি মাদক বিরোধী তৎপরতায় মাদক ব্যবসা পরিত্যাগ করে স্বাভাবিক জীবনে ফিরে আসার জন্য আত্মসর্মপণ করার সিদ্ধান্ত নেন।
এ সময় তিনি আরো বলেন কোন মাদক ব্যবসায়ীকে ছাড় দেওয়া হবে না। বিধায় আসন্ন বিপদ আসার পূর্বেই সকল মাদক ব্যবসায়ীকে আত্মউপলদ্ধি থেকে মাদক ব্যবসা ছেড়ে স্বাভাবিক জীবনে ফিরে আসার এবং ধর্মীয় অনুশাসন মেনে চলার আহব্বান জানান।

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযান আটক -১

চুয়াডাঙ্গা আলমডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর অভিযান পরিচালনা করে লাল্টু মিয়া নামের এক মাদক ব্যাবসায়ীকে আটক করেছে।

সোমবার বেলা সাড়ে চারটার সময় আলমডাঙ্গা উপজেলার গোবিন্দপুর গ্রামে তার নিজ বাড়িতে অভিযান চালিয়ে ১শ’ অ্যাম্পুল ভারতীয় বুপ্রেনরফাইন ইনজেকশনসহ তাকে আটক করে। আটককৃত লাল্টু মিয়া (৪১) আলমডাঙ্গা উপজেলার গোবিন্দপুর ঈদগাহ পাড়ার রুহুল আমিনের ছেলে।

চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক শরিয়তউল্লাহর নেতৃত্বে সোমবার বেলা সাড়ে ৪ টার দিকে গোপণ

সংবাদের ভিত্তিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আব্দুল্লাহ আল মানুন, উপপরিদর্শক আবুল কালাম আজাদসহ সঙ্গীয় ফোর্স লাল্টুর বাড়িতে অভিযান চালিয়ে তাকে আটক করে। আটককৃত লাল্টুর শিকারোক্তিতে তার ঘরে তল্লাশি চালিয়ে টেবিলের ড্রয়ারে রাখা ১শ’ অ্যাম্পুল ভারতীয় বুপ্রেনরফাইন ইনজেকশন উদ্ধার করা হয়।

আটককৃত লাল্টুকে মামলাসহ আলমডাঙ্গা থানায় সোপর্দ করা হয়েছে। চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক মো. শরিয়তউল্লাহ জানান, আটককৃত লাল্টু এলাকার একজন চিহ্নিত মাদক ব্যাবসায়ী। তার বিরুদ্ধে একাধিক মাদক মামলা আছে।

দামুড়হুদায় ১২কেজি ভারতীয় রুপার গহনাসহ আটক-১

দামুড়হুদায় ১২ কেজি রুপার গহনাসহ নাজমুল হক কে (১৯) আটক করেছে বিজিবি। রোববার সকাল ৭টার দিকে উপজেলার সীমান্তবর্তী ছয় ঘরিয়া গ্রামের সড়কের উপর থেকে এই রুপার গহনা ও একটি মোটরসাইকেল সহ তাকে আটক করা হয়। আটককৃত নাজমুল হক উপজেলার সীমান্তবর্তী নাস্তিপুর গ্রামের মৃত আক্তারুল ইসলামের ছেলে।

চুয়াডাঙ্গা-৬ বিজিবির পরিচালক মোহাম্মদ খালেকুজ্জামান আজ বিকাল সাড়ে ৪টার দিকে প্রেসবিজ্ঞতিতে জানান, ভারত থেকে রুপার একটি বড় চালান আসছে এমন গোপন সংবাদের ভিতিত্বে উপজেলার বড়বলদিয়া বিওপির কমান্ডার নায়েব সুবেদার মোস্তাফিজুর রহমান সঙ্গীয় ফোর্স নিয়ে ছয় ঘরিয়া গ্রামের সড়কের ধারে ওত পেতে থাকে।

এমন সময় সকাল ৭টার দিকে একটি মোটরসাইকেলে ৩জনকে আসতে দেখে তাদের গতিরোধ করে।এসময় বিজিবির উপস্থিতি টের পেয়ে মোটরসাইকেলে থাকা তার ২জন সহযোগি পালিয়ে গেলেও নাজমুল হক কে মোটরসাইকেল সহ আটক করা হয়। পরে তার কাছে থাকা একটি ব্যগ তল্লাশি করে ১২ কেজি (১০২৮.৮০ ভরি) ওজনের ভারতীয় রুপার গহনা উদ্ধার করে। উদ্ধারকৃত রুপার গহনার মূল্য ষোল লক্ষ ছাপান্ন হাজার দুইশত নয় টাকা। আসামীসহ আটককৃত চোরাচালানী মালামাল দর্শনা থানায় হস্তান্তর করা

হয়েছে।

জীবননগরে ড্রাগ লাইসেন্স না থাকায় ৬টি ফার্মেসীতে জরিমানা

জীবননগরে ড্রাগ লাইসেন্স না থাকায় মোবাইল কোর্টের মাধ্যমে ৬টি ঔষধ ফার্মেসীর মালিককে ২৭হাজার টাকা জরিমানা প্রদান করা হয়েছে।

রবিবার দুপুর ১টার সময় জীবননগর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আরিফুল ইসলাম জীবননগর হাসপাতাল গেটের সামনে এ অভিযান পরিচালনা করেন ।এ সময় জীবননগর উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সের সামনে অবস্থিত ফার্মেসীসহ জীবননগর শহরের বিভিন্ন দোকানে ঢুকে মেয়াদ উর্ত্তীন ঔষধ চেক করেন,এবং দোকানের ট্রেড লাইসেন্স ও ড্রাগ লাইসেন্স দেখেন যাদের ট্রেড লাইসেন্স এবং ড্রাগ লাইসেন্স নেই তাদেরকে এ জরিমানা প্রদান করেন।

মোবাইল কোর্ট পরিচালনার সময় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলার সহকারী কমিশনার (ভ’মি) মোঃ মহিউদ্দিন,চুয়াডাঙ্গা ঔষধ প্রশাসনের সহকারী পরিচালক কে এম মুহসীনিন মাহবুব।

দামুড়হুদায় কালের কণ্ঠ শুভসংঘের উদ্যোগে বৃক্ষ রোপন কর্মসূচির উদ্বোধন

দামুড়হুদায় কালের কণ্ঠ শুভসংঘের উদ্যোগে উপজেলা কৃষি অফিসের সহায়তায় বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করা হয়েছে। শনিবার সকাল ১০টার দিকে দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার কৃষিবিধ মনিরুজ্জামান

দামুড়হুদা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় চত্বরে তাল গাছের চারা রোপন করে কর্মসূচির উদ্বোধন করেন।

এসময় উপজেলা কৃষি অফিসার কৃষিবিধ মনিরুজ্জামান বলেন, বৈশ্বিক উষ্ণতা কমাতে বৃক্ষরোপণের কোনো বিকল্প নেই। তাল গাছ বজ্রপাত থেকে আমাদেরকে রক্ষা করে। সেই সাথে তাল একটি সুস্বাধু ফল। তাল থেকে বিভিন্ন ধরনের পিঠা তৈরি করে আমরা খেয়ে থাকি। তালের পাতা থেকে পাখা তৈরি করা হয়। দামুড়হুদা উপজেলা শুভসংঘের বন্ধুরা যে বৃক্ষরোপণ কর্মসূচি হাতে নিয়েছে এটি চমৎকার একটি উদ্যোগ। আমি এই উদ্যোগকে স্বাগত জানাচ্ছি। শুভসংঘের বন্ধুরা এভাবেই শুভকাজ করে যাবেন এমন প্রত্যাশা করছি। কৃষি অফিসের পক্ষ থেকে সকল ধরনের সহায়তা করা হবে।

এরপর উপজেলার, দামুড়হুদা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় চত্বরে ও আঞ্চলিক সড়কের পাশে শতাধিক তালের চারা রোপন করা হয়। এছাড়া কয়েক দিনের মধ্যে উপজেলার বিভিন্ন প্রতিষ্ঠান সহ বিভিন্ন স্থানে ফলজ গাছের চারা আম, জাম, নারিকেলসহ বিভিন্ন ধরনের গাছের চারা রোপন করা হবে।

এ আয়োজনে উপস্থিত ছিলেন উপজেলা শুভসংঘের সভাপতি ইসমাইল হোসেন, সহ-সভাপতি হাজী আব্দুল কাদির, সাধারণ সম্পাদক মাকসুদুর রহমান রতন, উপদেষ্টা দামুড়হুদা ওদুদ শাহা ডিগ্রি কলেজের প্রিন্সিপাল কামাল উদ্দীন, হাবিবুর রহমান, যুগ্ম-সম্পাদক সাইফুল ইসলাম, অর্থ সম্পাদক নওশাদ আলি, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক আব্দুল আলিম, ক্রীড়া সম্পাদক এস এম ইমরান হোসেন লিটন,নারী বিষয়ক সম্পাদক সেলিনা খাতুন, নির্বাহী সদস্য জান মোহাম্মদ, শফিউল আজম, ইফসুফ আলি, আক্তারুজ্জামান বাবু, যাদু শিল্পি মোহাম্মদ আলি এবং বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ।

২১ আগস্ট নিহতদের স্মরণে

চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের আলোচনা সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের পক্ষ থেকে একুশে আগস্ট গ্রেনেড হামলায় নিহতদের স্মরণে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।শনিবার বেলা সাড়ে পাচটার সময় চুয়াডাঙ্গা বড়বাজার হাসান চত্বরে এই সভা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি ও চুয়াডাঙ্গা সদর উপজেলা চেয়ারম্যান আসাদুল হক বিশ্বাসের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বীর মুক্তিযোদ্ধা মোঃ আজাদুল ইসলাম আজাদ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক ও আইলহাস ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এ্যাডভোকেট আব্দুল মালেক চুয়াডাঙ্গা জেলা কৃষক লীগের সভাপতি ও মোমিনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গোলাম ফারুক চুয়াডাঙ্গা জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের আহ্বায়ক ও সাবেক মেয়র মোঃ ওবাইদুর রহমান চৌধুরী জিপু, চুয়াডাঙ্গা জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক আসাদুজ্জামান কবির,চুয়াডাঙ্গা জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম আহবায়ক মতিয়ার রহমান মতি, চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মোঃ জানিফ,চুয়াডাঙ্গা সদর উপজেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক ও সদর থানা ছাত্রলীগের সভাপতি জুয়েল রানা, যুগ্ম আহবায়ক ও ৪ নং ওয়ার্ড কাউন্সিলর মাফিজুর রহমান মাফি,যুগ্ম আহবায়ক ইমরান আহমেদ, চুয়াডাঙ্গা জেলা জাতীয় শ্রমিক লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মুক্তার হোসেন মিলন সহ চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগ,স্বেচ্ছাসেবক লীগ,কৃষক লীগ,ছাত্রলীগের নেতা ও কর্মিগণ উক্ত অনুষ্ঠানটি সঞ্চালনায় দায়িত্বে ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাবেক যুব ও ক্রীড়া সম্পাদক এডভোকেট শফিকুল ইসলাম শফি।

চুয়াডাঙ্গা পুলিশ সুপারের তত্ত্বাবধানে স্বাভাবিক জীবনে ফেরার শপথ নিলেন দুই মাদক ব্যবসায়ী

চুয়াডাঙ্গা পুলিশ সুপার মোঃ জাহিদুল ইসলাম পেশাগত দায়িত্বের পাশাপাশি কাজ করে যাচ্ছেন সমাজের সকল প্রকার অন্যায় ও অনিয়মের বিরুদ্ধে তারই ধারাবাহিকতায় ও

পুলিশ সুপারের তৎপরতায় স্বাভাবিক জীবনে ফেরার শপথ করলেন ০২ (দুই) মাদক ব্যবসায়ী ওহিদুল ইসলাম ও চাঁন মিয়া।

ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ, ড. বেনজীর আহমেদ, বিপিএম (বার) বাংলাদেশকে মাদকমুক্ত করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেছেন। যার প্রেক্ষিতে দেশ ব্যাপী বাংলাদেশ পুলিশ মাদক নির্মূলে নানামুখী তৎপরতা শুরু করেছে। চুয়াডাঙ্গা জেলা পুলিশের ধারাবাহিক মাদক বিরোধী অভিযানে মাদক ব্যবসায়ী ও মাদকসেবীরা কোণঠাসা হয়ে পড়েছে। চুয়াডাঙ্গা সদর থানার ভান্ডরদহ গ্রামের আব্দুল ওহাবের পুত্র মো: ওহিদুল ইসলাম এবং আয়নালের পুত্র চাঁন মিয়াদ্বয় পুলিশি মাদক বিরোধী তৎপরতায় মাদক ব্যবসা পরিত্যাগ করে স্বাভাবিক জীবনে ফিরে আসার জন্য আত্মসর্মপণ করার সিদ্ধান্ত নেন।

শনিবার বেলা সাড়ে এগারোটার সময় চুয়াডাঙ্গা পুলিশ সুপারের কার্যালয়ে হাজির হয়ে আর কখনো মাদক ব্যবসা না করার অঙ্গীকার ব্যক্ত করে শপথ করেন ওহিদুল ইসলাম ও চাঁন মিয়া

এসময় পুলিশ সুপার চুয়াডাঙ্গা মোঃ জাহিদুল ইসলাম মাদক ব্যবসায়ীদের উদ্দেশ্যে বলেন, কোন মাদক ব্যবসায়ীকে ছাড় দেওয়া হবে না। বিধায় আসন্ন বিপদ আসার পূর্বেই সকল মাদক ব্যবসায়ীকে আত্মউপলদ্ধি থেকে মাদক ব্যবসা ছেড়ে স্বাভাবিক জীবনে ফিরে আসার এবং ধর্মীয় অনুশাসন মেনে চলার আহব্বান জানান।